দৈনিক বাংলা

তারিখ 30 MAY 1995
পৃষ্ঠা ৪ কলাম ৭

16

# ছাত্র সংঘর্ষ ঃ বরিশাল মেডিক্যাল কলেজ বন্ধ ঘোষণা

নিজস্ব সংবাদদাতা ঃ বরিশাল, ২৯ মে।— বরিশাল শেরে বাংলা মেডিক্যাল কলেজ অনির্দিষ্ট কালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে। দুইটি ছাত্র সংগঠনের মধ্যে সংঘর্ষের পর এই সিদ্ধান্ত হয়। আজ দুপুর দুটোর মধ্যে ছাত্র–ছাত্রীদের হল ত্যাগের নির্দেশ দেয়া হয়েছে।

শেরে বাংলা মেডিক্যাল কলেজে গত বৃহস্পতিবার ছাত্রদল ও ছাত্রলীগের

(৫-এর পৃঃ দ্রঃ)

## বন্ধ ঘোষণা

(প্রথম পৃষ্ঠার পর)

মধ্যে এক সশস্ত্র রক্তক্ষয়ী সংঘর্ষে ৩৫ জন ছাত্র আহত হয়। এদের মধ্যে এক-জন ছাত্রের পায়ের রগ কেটে দেয়া হয়।

উক্ত ঘটনার রেশ ধরে ব্রজমোহন বিশ্ববিদ্যালয় কলেজ, আইন মহাবিদ্যালয় ও বরিশাল সরকারী কলেজসহ কতিপয় এলাকায় সংঘর্ষ ছড়িয়ে পড়ে। চার দিনের এ তৎপরতায় বরিশাল কলেজ ক্যাম্পাস ও সদর সড়কে আরও ৭ জন ছাত্র আহত হয়। সংঘর্ষে রাইফেল, বন্দুক, পিস্তল, রিভলবার, ছোরা, চাই-নিজ কুড়ালসহ বিভিন্ন মারাত্মক অস্ত্রশস্ত্র ব্যবহৃত হয়।